তিন কিশোর বন্দি হত্যা মামলায় ৪ কর্মকর্তাসহ অভিযুক্ত ১২

যশোর শিশু উন্নয়ন কেন্দ্রের তিন বন্দি কিশোর হত্যা মামলায় কেন্দ্রের চার কর্মকর্তাসহ ১২ জনের সম্পৃক্ততা পেয়েছে তদন্ত কর্মকর্তা। এদের মধ্যে আট জনের বিরুদ্ধে চার্জশিট ও অপ্রাপ্ত বয়স্ক চারজনের নামে দোষীপত্র দাখিল করা হয়েছে। এছাড়া একজনকে অব্যাহতি দেয়া হয়েছে।
৯ ফেব্রুয়ারি এ চার্জশিট আদালতে দাখিল করা হয়। শুক্রবার রাতে বিষয়টি নিশ্চিত করেছেন মামলার তদন্ত কর্মকর্তা চাঁচড়া ফাঁড়ির ইনচার্জ ইন্সপেক্টর রকিবুজ্জামান।
অভিযুক্ত চার কর্মকর্তা হলেন-সাময়িক বরখাস্তকৃত সাবেক তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক) আব্দুল্লাহ আল মাসুদ, সহকারী তত্ত্বাবধায়ক (প্রবেশন অফিসার) মাসুম বিল্লাহ, ফিজিক্যাল ইনসট্রাক্টর একেএম শাহানুর আলম ও সাইকো সোশ্যাল কাউন্সিলর মুশফিকুর রহমান।
অভিযুক্ত কেন্দ্রের চার বন্দি কিশোর হলো গাইবান্ধার খালিদুর রহমান তুহিন, নাটোরের হুমাইন হোসেন, মোহাম্মদ আলী ও পাবনার ইমরান হোসেন।
অপ্রাপ্তবয়স্ক দোষীরা হলেন- চুয়াডাঙ্গার আনিস, কুড়িগ্রামের রিফাত হোসেন, রাজশাহীর পলাশ ওরফে শিমুল ও পাবনার মনোয়ার হোসেন।
মামলার তদন্ত কর্মকর্তা ইন্সপেক্টর রকিবুজ্জামান জানান, এ মামলায় ১৩ জন আসামি ছিলেন। তদন্ত শেষে এ ঘটনায় মোট ১২ জনের সম্পৃক্ততার প্রমাণ পাওয়া যায়। এর মধ্যে চার কর্মকর্তা ও চার বন্দি প্রাপ্ত বয়স্ক হওয়ায় তাদের বিরুদ্ধে চার্জশিট দাখিল করা হয়েছে। এছাড়া অপর চার বন্দি অপ্রাপ্তবয়স্ক হওয়ায় তাদের বিরুদ্ধে দোষীপত্র দেয়া হয়েছে।
তিনি আরও বলেন, তদন্তে বন্দি কিশোর হত্যাকাণ্ডের সঙ্গে শিশু উন্নয়ন কেন্দ্রের সাময়িক বরখাস্ত কারিগরি প্রশিক্ষক (ওয়েল্ডিং) ওমর ফারুকের জড়িত থাকার কোনো প্রমাণ মেলেনি। এ কারণে চার্জশিটে তার অব্যাহতির আবেদন জানানো হয়েছে।
প্রসঙ্গত, কেন্দ্রের প্রধান প্রহরী নূর ইসলামকে মারপিটের জেরে ২০২০ সালের ১৩ আগস্ট যশোর শিশু উন্নয়ন কেন্দ্রের ১৮ বন্দি কিশোরকে কর্মকর্তাদের নির্দেশে নির্যাতন চালানো হয়। এ ঘটনায়

বন্দি বগুড়ার শিবগঞ্জের তালিবপুর পূর্বপাড়ার নান্নু পরামানিকের ছেলে নাঈম হোসেন, খুলনার দৌলতপুরের মহেশ্বরপাশা সেনপাড়ার রোকা মিয়ার ছেলে পারভেজ হাসান রাব্বি ও বগুড়ার শেরপুরের মহিপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে রাসেল হোসেন মারা যায়। এছাড়া গুরুতর আহত হয় আরও ১৫ জন। ওই ঘটনায় নিহত পারভেজ হাসান রাব্বির বাবা রোকা মিয়া কোতোয়ালি থানায় ১৩ জনের নামে মামলা করেছিলেন। সূত্র: যুগান্তর

রেলে ১২ হাজার লোক নিয়োগের বিজ্ঞপ্তি শিগগিরই

বাংলাদেশ রেলওয়ের জনবল সংকট কাটাতে ১০ থেকে ১২ হাজার লোক নিয়োগের বিজ্ঞপ্তি শিগগিরই দেওয়া হতে পারে বলে জানিয়েছেন রেলপথমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন।

বৃহস্পতিবার দুপুরে রেল ভবন কনফারেন্স হলে অনুষ্ঠিত ‘রেলওয়ে স্টেশনসংলগ্ন আধুনিক পাবলিক টয়লেট নির্মাণ’ শীর্ষক প্রকল্প ও ওয়াশ (ডব্লিউএএসএইচ) কর্মসূচির উদ্বোধন শেষে তিনি এ কথা জানান।

রেলমন্ত্রী বলেন, বর্তমানে ১৩৭টি স্টেশন বন্ধ রয়েছে লোকবলের অভাবে। আমরা প্রথম ধাপে ১০ থেকে ১২ হাজার লোকবল একসঙ্গে নিয়োগ দেব রেলে, সেই পদক্ষেপ গ্রহণ করেছি। নিয়োগ দেওয়ার পর তাদের প্রশিক্ষণ দেব। আমরা আশা করছি, আগামী দুই থেকে তিন বছরের মধ্যে রেলের জনবল ঘাটতির অভিযোগ থেকে মুক্ত করতে পারব।

রেলের অবকাঠামোতেও ঘাটতি আছে জানিয়ে মন্ত্রী বলেন, সব ডাবল লাইন না হওয়া পর্যন্ত রেলের নিরাপত্তা ঝুঁকি থেকেই যাবে। আমরা একের পর এক উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করছি। রেলপথের আধুনিকায়ন করা হচ্ছে। অজুহাত নয়, সবাইকে দায়িত্ব নিয়ে কাজ করতে হবে।

রেলপথমন্ত্রী বলেন, স্টেশনগুলোতে পরিবেশবান্ধব ওয়াশ পরিষেবা কার্যক্রম পরিচালনা করা হবে। রেলওয়ে ও ওয়াটারএইডের মধ্যে এ বিষয়ে সমঝোতা হয়েছে। কমলাপুর স্টেশনে দুটি প্রকল্প নেওয়া হয়েছে।

পর্যায়ক্রমে বাকি স্টেশনগুলোতেও এ ধরনের প্রকল্প নেওয়া হবে।

এ সময় রেলপথ সচিব মো. সেলিম রেজা, রেলওয়ে মহাপরিচালক ধীরেন্দ্র নাথ মজুমদার, অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) সরদার সাহাদাত আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

জাতিসংঘ শান্তিরক্ষায় অনন্য অবদানের স্বীকৃতি পেলেন অতিরিক্ত পুলিশ সুপার নূর

জাতিসংঘ-আফ্রিকা ইউনিয়নের হাইব্রিড মিশন দারফুর, সুদানে শান্তিরক্ষায় কঠোর পরিশ্রম আর অসাধারণ কর্মদক্ষতার স্বীকৃতি স্বরূপ প্রশংসা সনদ পেলেন বাংলাদেশ ফর্মড পুলিশ ইউনিটের এডমিন অফিসার অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী।
উনামিড মিশনে নিযুক্ত শান্তিরক্ষা মিশনের ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার ড. সুলতান আজম তিমুরি গতকাল (২৫ ফেব্রুয়ারি) দারফুর এলফাশের লগবেইজড সুপারক্যাম্পে তার নিজস্ব কার্যালয়ে এই সনদ প্রদান করেন।
তপ্ত মরুভূমির বৈরি পরিবেশে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে নূর-ই-আলম সিদ্দিকী সর্ব্বৃহত নিয়ালা সুপার ক্যাম্প, আল ফেশার ক্যাম্প, কুটুম ক্যাম্প এর নিরাপত্তা দক্ষতার সাথে প্রদান করেন।
যথাযথ সিকিউরিটি প্রটোকল মেনে দুই দুই বার রিলোকেশনের চ্যালেঞ্জ স্বাচ্ছন্দ্যে গ্রহণ করে নির্ভরতার পরিচয় দেন এডমিন এন্ড ডিউটি অফিসার নূর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক এই শিক্ষার্থীর স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে পরিচালিত”ওহপড়সব এবহবৎধঃরহম অপঃরারঃরবং”, “সম্পদ ব্যবস্থাপনা” ধারণা উনামিড লিডারশীপ কতৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে বলে জানান বাংলাদেশ এফপিইউ এর কমান্ডার পুলিশ সুপার মোহাম্মদ আবদুল হালিম। তার পরিকল্পনায় এবং ভিন্ন ভাষায় সাবলীল উপস্থাপনায় মঞ্চায়িত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আন্তর্জাতিক অঙ্গনে ভীনদেশীদের মাঝে বাংলা সংস্কৃতি প্রচারে কার্যকরী ভূমিকা রেখেছে বলে পুলিশ সুপার

হালিম জানান।
‘প্রশংসা সনদ’ প্রাপ্তিতে উচ্ছ্বাস প্রকাশ করে অতিরিক্ত পুলিশ সুপার নূর জানান, ‘চেষ্টা করেছি মিশন সংশ্লিষ্ট প্রতিটি কাজে বাংলাদেশ পুলিশের ইতিবাচক ইমেজ তৈরি করে শান্তিরক্ষায় বাংলাদেশের গৌরবোজ্জ্বল অধ্যায়ের সাক্ষী হতে। দীর্ঘ ২১ মাসের নিরলস পরিশ্রম, পেশাদারীত্ব আর দায়ীত্ববোধের অর্জিত শিক্ষা বয়ে নিয়ে যেতে চাই প্রিয় মাতৃভূমি বাংলাদেশে। আজকের এই সনদ আর জাতিসংঘের শান্তি পদক প্রাপ্তি প্রেরণা জোগাবে বাংলাদেশ পুলিশের অগ্রযাত্রায় শামীল হতে।”
উল্লেখ্য অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী মিশনে গমনের পূর্বে কুষ্টিয়া ভেড়ামারা সার্কেলে কর্মকালীন বিভিন্ন চাঞ্চল্যকর গুরুত্বপূর্ণ মামলার রহস্য উন্মোচন করে কুষ্টিয়াবাসীর কাছে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিলেন।

ছাত্রীর অটোরিকশার চাকায় ওড়নার পেঁচিয়ে মৃত্যু

নেত্রকোনার আটপাড়া উপজেলায় ব্যাটারিচালিত চলন্ত অটোরিকশার চাকায় ওড়না পেঁচিয়ে এক স্কুলছাত্রীর মৃত্যু হয়েছে।

বুধবার রাত ৮টার দিকে আটপাড়া উপজেলার স্বল্প সুনুই এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত ছাত্রীর নাম ঝর্ণা আক্তার (১০)। সে বারহাট্টা উপজেলার ডেমুড়া গ্রামের নুরুজ্জামান মিয়ার কন্যা। ঝর্ণা পঞ্চম শ্রেণির শিক্ষার্থী ছিল।

স্থানীয়রা জানান, ঝর্ণা আক্তার তার দাদির সঙ্গে নেত্রকোনা থেকে বাড়ি ফিরছিলেন। পথে অসতর্কতাবশত তার গলায় থাকা ওড়না চলন্ত ইজিবাইকের চাকায় প্যাঁচ লাগে। এতে সে গুরুতর আহত হলে দ্রুত তাকে আটপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আটপাড়া থানার ওসি জাফর ইকবাল জানান, আবেদনের পরিপ্রেক্ষিতে ময়নাতদন্ত ছাড়াই ওই শিশুর মরদেহ দাফনের ব্যবস্থা করা হয়েছে। এ ব্যাপারে একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

আজকের ২৫ ফেব্রুয়ারি: ইতিহাসে সেই দিন

২০০৯ সালের এই দিনে ঢাকার পিলখানায় বিডিআর বিদ্রোহের কারণে প্রাণ হারান ৫৭ সেনা কর্মকর্তাসহ ৭৩ জন।
আজ ২৫ ফেব্রুয়ারি, ২০২১, বৃহস্পতিবার। ১২ ফাল্গুন, ১২২৭। জেনে নেই ইতিহাসে আজকের এই দিনে ঘটে যাওয়া উল্লেখযোগ্য ঘটনা, জন্ম ও মৃত্যু-

ঘটনাবলি:
১৩৮ – রোমান সম্রাট হাড্রিয়ান কর্তৃক এন্টোনিয়াস পাইয়াসকে দত্তক নেয়া হয়।
৬২৮ – দ্বিতীয় খসরু তার পুত্র দ্বিতীয় কাভাদ কর্তৃক ক্ষমতাচ্যুত হন।
১৫৮৬ – সম্রাট আকবরের সভাকবি বীরবল নিহত হন।
১৭৫৩ – বৃটিশ চিকিৎসক রিচার্ড হকিস্টি এস্কোরবেট রোগ নিরাময়ের উপায় আবিস্কার করেন।
১৭৭৪ – ক্রিকেট খেলার আইন-কানুন সূত্রবদ্ধ হয়।
১৮৩৬ – স্যামুয়েল কোল্ট রিভলবারের পেটেন্ট পান।
১৮৪৭ – স্টেট ইউনিভার্সিটি অব আইওয়া প্রতিষ্ঠিত হয়।
১৮৬২ – মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম কাগজের মুদ্রা চালু হয়।
১৯০৮ – হাডসন নদীর নিচ দিয়ে প্রথম টানেল খুলে দেওয়া হয়।
১৯১৬ – প্রথম বিশ্বযুদ্ধে জার্মানরা ফোর্ট ডোয়ামন্ট দখল করে নেয়।
১৯২৬ – ফ্রান্সিসকো ফ্রাঙ্কো ফ্রান্সের জেনারেল মনোনীত হন। ১৯৩২ – এডলফ হিটলার জার্মানের নাগরিকত্ব লাভ করেন।
১৯৩৩ – জাপান লীগ অফ নেশনস্ পরিত্যাগ করে।
১৯৩৮ – লর্ড হ্যালিফ্যাঙ্ ব্রিটেনের পররাষ্ট্রমন্ত্রী হন।

১৯৪৫ – দ্বিতীয় বিশ্বযুদ্ধে তুরস্ক জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে।
১৯৪৫ – মার্কিন বিমান টোকিও আক্রমণ করে।
১৯৫৪ – জামাল আবদেল নাসের মিশরের প্রধানমন্ত্রী হন।
১৯৫৪ – সিরিয়ায় প্রেসিডেন্ট আদিব আল শিশাকলির স্বৈরাচারি সরকারের বিরুদ্ধে গণ-বিদ্রোহ শুরু হয়।
১৯৭২ – বাংলাদেশকে ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া স্বীকৃতি দান করে। ১৯৭৭ – কুমিল্লার ময়নামতিতে ১৩শ’ বছর আগের স্বর্ণমুদ্রার সন্ধান পাওয়া যায়।
১৯৮৬ – ফিলিপাইনের স্বৈরাচারি শাসক ও ‘আজীবন প্রেসিডেন্ট’ ফার্ডিনান্ড মার্কোস সপরিবারে দেশ থেকে পালিয়ে যান।
১৯৮৬ – কোরাজন অ্যাকুইনো ফিলিপাইনের রাষ্ট্রপতি নির্বাচিত হন। ১৯৯১ – উপসাগরীয় যুদ্ধে ইরাকি স্কাড ক্ষেপনাস্ত্র সৌদি আরবের দাহরানে আমেরিকান সামরিক ঘাটিতে আঘাত করে ফলে ২৮জন আমেরিকান সেনা নিহত হয়।
১৯৯১ – মার্কিন নেতৃত্বাধীন মিত্র বাহিনীর হাতে ২০ হাজার ইরাকি সেনা বন্দী হয়।
১৯৯১ – ন্যাটো জোটের প্রতিদ্বন্দ্বি ওয়ারশো জোটের দেশগুলো এই সামরিক জোটকে বিলুপ্ত ঘোষণা করেন।
১৯৯৪ – অধিকৃত ফিলিস্তিনের আলখলিল শহরে হযরত ইব্রাহীম (আঃ)’র মাজারে একজন উগ্র ইহুদিবাদী নামাজরত রোজাদারদের ওপর গুলি চালালে ২৯ জন শহীদ এবং আরো অনেক ফিলিস্তিনী আহত হয়।
২০০৯ – ঢাকার পিলখানায় বিডিআর বিদ্রোহের কারণে প্রাণ হারান ৫৭ সেনা কর্মকর্তাসহ ৭৩ জন।

জন্ম:

১৬৪৩ – দ্বিতীয় আহমেদ, তিনি ছিলেন অটোমানের সুলতান জন্মগ্রহণ করেন ।
১৬৪৪ – ইংরেজ উদ্ভাবক টমাস নিউকমেন জন্মগ্রহণ করেন ।
১৭৭৮ – আর্জেন্টাইন জেনারেল, রাজনীতিবিদ ও পেরুর ১ম রাষ্ট্রপতি হোজে ফ্রান্সিসকো দে সান মার্টিন জন্মগ্রহণ করেন।
১৮৪১ – ফরাসি চিত্রশিল্পী ও ভাস্কর পিয়ের-অগ্যুস্ত রেনোয়া জন্মগ্রহণ করেন।
১৮৪২ – জার্মান লেখক কবি ও নাট্যকার কার্ল মে জন্মগ্রহণ করেন। ১৮৫৫ – অস্ট্রেলীয় ক্রিকেটার জর্জ জন বোনর জন্মগ্রহণ করেন।
১৮৬৬ – ইতালীয় দার্শনিক ও রাজনীতিবিদ বেনেডেটো ক্রকে জন্মগ্রহণ

করেন।
১৮৭৩ – ইতালিয়ান আমেরিকান অভিনেতা এনরিকো কারুসো জন্মগ্রহণ করেন।
১৯০৭ – তুর্কি সাংবাদিক, লেখক ও কবি সাবাহাতিন আলী জন্মগ্রহণ করেন।
১৯১৭ – ইংরেজ লেখক, কবি, নাট্যকার ও সমালোচক অ্যান্থনি বার্জেস জন্মগ্রহণ করেন।
১৯২৪ – ইংরেজ-আমেরিকান জীববিজ্ঞানী হিউ হাক্সলি জন্মগ্রহণ করেন। ১৯৪৩ – বিংশ শতাব্দীর অত্যন্ত প্রতিভাবান একজন জনপ্রিয় গায়ক ও গিটারিস্ট জর্জ হ্যারিসন জন্মগ্রহণ করেন।
১৯৪৮ – ইতালিয়ান লেখক আলডো বুসি জন্মগ্রহণ করেন।
১৯৫৩ – স্পেনীয় শিক্ষাবিদ, রাজনীতিবিদ হোসে মারিয়া আযনার জন্মগ্রহণ করেন।
১৯৫৫ – হলিউড অভিনেত্রী লিয়ান হানলেই জন্মগ্রহণ করেন।
১৯৭১ – আমেরিকান অভিনেতা, পরিচালক ও প্রযোজক সেয়ান আস্টিন জন্মগ্রহণ করেন।
১৯৭৪ – আমেরিকান অভিনেত্রী লরি ফর্টিয়েই জন্মগ্রহণ করেন।
১৯৮১ – দক্ষিণ কোরীয় ফুটবল খেলোয়াড় পার্ক জি-সুং জন্মগ্রহণ করেন।
১৯৮১ – বলিউড অভিনেতা শহীদ কাপুর জন্মগ্রহণ করেন।
১৯৮৬ – হ্যারি পটার খ্যাত অভিনেতা অলিভার ফেলপস জন্মগ্রহণ করেন। ১৯৮৭ – হলিউড অভিনেত্রী নাটালি ড্রেইফেস জন্মগ্রহণ করেন।
১৯৯০ – ব্রাজিলিয়ান ফুটবল খেলোয়াড় জেফারসন আল্ভেস অলিভেইরা জন্মগ্রহণ করেন।
১৯৯৭ – আমেরিকান অভিনেত্রী ইসাবেল ফুহরমান জন্মগ্রহণ করেন।

মৃত্যু:

১৪৯৫ – উসমানীয় রাজনীতিবিদ সুলতান জেম মৃত্যুবরণ করেন।
১৬৩৪ – অস্ট্রীয় সাধারণ ও রাজনীতিবিদ আলব্রেশট ভন ওয়ালেন্সটেইন মৃত্যুবরণ করেন।
১৭১৩ – প্রুশিয়ার রাজা প্রথম ফ্রেডরিক মৃত্যুবরণ করেন।
১৭২৩ – ইংরেজ স্থপতি ক্রিস্টোফার রেন মৃত্যুবরণ করেন।
১৮৬৪ – মাকির্ন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উইলিয়াম হেনরী হ্যারিসনের সহধর্মনী ও মার্কিন রাষ্ট্রপতি বেনজামিন হ্যারিসনের নানী অ্যানা হ্যারিসন মৃত্যুবরণ করেন।
১৮৬৬ – ইতালীয় দার্শনিক বেনোদেত্তো ক্রোচে মৃত্যুবরণ করেন।

১৮৯৯ – রয়টার সংবাদ সংস্থার জনক পল রয়টার মৃত্যুবরণ করেন।
১৯৫০ – নোবেল পুরস্কার বিজয়ী আমেরিকান ডাক্তার জর্জ রিচার্ডস মিনট মৃত্যুবরণ করেন।
১৯৫৩ – ইউক্রেনীয়-রুশ অণুজীববিজ্ঞানী ও বাস্তুতন্ত্রবিদ সের্গেই উইনোগ্রাডস্কি মৃত্যুবরণ করেন।
১৯৫৬ – ইরানের বিখ্যাত শিক্ষাবিদ ও কবি আলী আকবর দেহখোদা ইন্তেকাল করেন।
১৯৫৭ – কবি সুনির্মল বসু পরলোকগমন করেন।
১৯৬৫ – ব্রিটিশ বিমান বাহিনীর অফিসার ফিলিপ বেবিংটন মৃত্যুবরণ করেন।
১৯৬৬ – আমেরিকান ব্যবসায়ী জেমস ডি. নরিস মৃত্যুবরণ করেন।
১৯৭১ – নোবেল পুরস্কার বিজয়ী সুইডিশ রসায়নবিদ থিওডোর সভেডবার্গ মৃত্যুবরণ করেন।
১৯৮৩ – নাট্যকার টেনেসি উইলিয়াম মৃত্যুবরণ করেন।
১৯৭৫ – আমেরিকান ধর্মীয় নেতা এলাইজা মুহাম্মদ মৃত্যুবরণ করেন। ১৯৯৩ – ইরানের প্রখ্যাত আলেম ও ধর্মতত্ত্ববিদ আয়াতুল্লাহ মির্যা হাশেম আমোলী ইন্তেকাল করেন।
১৯৯৭ – আমেরিকান বেসবল খেলোয়াড় ক্যাল আব্রামস মৃত্যুবরণ করেন। ১৯৯৭ – রয়টার্স সংবাদ সংস্থার প্রতিষ্ঠাতা পল জুলিয়াস মৃত্যুবরণ করেন।
১৯৯৯ – নোবেল পুরস্কার বিজয়ী আমেরিকান রসায়নবিদ গ্লেন থিওডোর সিবোর্গ মৃত্যুবরণ করেন।
২০০৩ – ইতালিয়ান অভিনেতা আলবার্তো সরডি মৃত্যুবরণ করেন।
২০০৯ – আমেরিকান লেখক ফিলিপ হোসে ফার্মের মৃত্যুবরণ করেন।
২০১২ – আমেরিকান অভিনেত্রী মার্থা স্টুয়ার্ট মৃত্যুবরণ করেন। ২০১২ – সুইডিশ অভিনেতা ও পরিচালক এরলান্দ জোসেফসন মৃত্যুবরণ করেন।
২০১৪ – স্প্যানিশ গিটার, গীতিকার ও প্রযোজক পাকো ডে লুসিয়া মৃত্যুবরণ করেন।
২০১৫ – আমেরিকান জীববিজ্ঞানী ইউজেন ক্লার্ক মৃত্যুবরণ করেন।

দিবস:

ভূমধ্যসাগরে নৌকাডুবি, ৪১ অভিবাসীর মৃত্যু

আফ্রিকা থেকে ইউরোপে পাড়ি জমানোর সময় মধ্য ভূমধ্যসাগরে একটি নৌকাডুবির ঘটনা ঘটেছে।

এতে অন্তত ৪১ অভিবাসীর মৃত্যু হয়েছে বলে বুধবার জাতিসংঘের শরণার্থী ও অভিবাসন সংস্থা এক বিবৃতিতে জানিয়েছে। খবর আলজাজিরার।

গত শনিবার নৌকাডুবির এ ঘটনা ঘটে। পরে উদ্ধারকারী একটি জাহাজ ঘটনাস্থলে পৌঁছলে তার আগেই প্রাণ হারান এসব অভিবাসী।

জাতিসংঘের অভিবাসন সংস্থা জানিয়েছে, গত ১৮ ফেব্রুয়ারি অন্তত ১২০ অভিবাসীকে নিয়ে লিবিয়া উপকূল থেকে ইউরোপের উদ্দেশে রওনা দেয় নৌকাটি। যুদ্ধবিধ্বস্ত লিবিয়া থেকে উন্নত জীবনের প্রত্যাশায় তারা অবৈধ পথে ইউরোপে পাড়ি জমাচ্ছিলেন।

ডু্বতে শুরু করার প্রায় ১৫ ঘণ্টা পর একটি বাণিজ্যিক জাহাজ নৌকাটি উদ্ধারে সহায়তার জন্য এগিয়ে আসে।

এ সময় আরোহীরা সম্ভাব্য সব উপায়ে সাহায্য চাইতে থাকেন। এর মধ্যে ছয় ব্যক্তি পানিতে পড়ে মারা যান।

অবৈধ পথে ইউরোপে পাড়ি জমাতে ভূমধ্যসাগর ব্যবহার করে থাকেন অভিবাসনপ্রত্যাশীরা। দালালদের সহায়তায় নৌযানে চড়ে লিবিয়া উপকূল দিয়ে তারা এই পথ পাড়ি দেয়। প্রায়ই এতে হতাহত ও আটকের ঘটনা ঘটে। বহু বাংলাদেশিও এর শিকার হয়েছেন।

আলজাজিরার খবরে বলা হয়েছে, চলতি বছরে ভূমধ্যসাগরে এ নিয়ে ১১৮ জনের মৃত্যু হলো। আর ২০১৪ সাল থেকে মোট ১৭ হাজার মানুষের প্রাণহানি ঘটেছে ভূমধ্যসাগরে।

ছেলে মাকে হত্যার পর বস্তাবন্দি লাশ পানিতে ফেলল

কুষ্টিয়ার মিরপুরে মাকে হত্যার পর বস্তাবন্দি করে পানিতে ফেলে দেওয়ার অভিযোগ উঠেছে। নিখোঁজের ৩১ দিন পর ওই মায়ের মরদেহ উদ্ধার করেছে কুষ্টিয়া জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

এ ঘটনায় নিহত ওই নারীর ভাই ভেড়ামারা উপজেলার ক্ষেমিড়দিয়াড় গ্রামের তুরাব আলী (৬৭) বাদী হয়ে বুধবার মিরপুর থানায় একটি হত্যা মামলা করেছেন, যার মামলা নং-২১।

ওই মামলায় নিহতের ছেলে মুন্না বাবু, তার বন্ধু রাব্বী আলামীন ও দেবর আব্দুল কাদের বিশ্বাসকে (৫০) আসামি করা হয়েছে।

এর আগে মঙ্গলবার বিকাল ৪টার দিকে কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের দক্ষিণকাটদহ এলাকার একটি পুকুর থেকে ওই মায়ের মরদেহ উদ্ধার করা হয়।

নিহত মায়ের নাম মমতাজ বেগম (৫৫)। তিনি একই এলাকার মৃত ফজল বিশ্বাসের স্ত্রী। এ ঘটনায় হত্যার দায়ে মমতাজ বেগমের ছেলে মুন্নাকে (২৮) আটক করেছে পুলিশ।

স্থানীয় ইউপি সদস্য আমিরুল ইসলাম সান্টু জানান, তিন মেয়ের বিয়ে এবং স্বামী ফজল বিশ্বাসের মৃত্যুর পর ছোট ছেলে মুন্নাকে নিয়ে মিরপুর উপজেলার দক্ষিণকাটদহ এলাকায় বসবাস করতেন মমতাজ বেগম। গত ২৪ ডিসেম্বর থেকে মমতাজ বেগম নিখোঁজ ছিলেন।

গত সোমবার পোড়াদহ ইউনিয়নের দক্ষিণ কাটদহ এলাকার ইয়াসিনের ছেলে রাব্বিকে (২৮) আটক করে গোয়েন্দা পুলিশ। তার দেয়া তথ্যের ভিত্তিতে পুলিশ ওই নারীর মরদেহ উদ্ধার করে।

এ ঘটনায় মৃত ওই নারীর ভাই তুরাব আলী (৬৭) বাদী হয়ে বুধবার ছেলে মুন্না বাবু, তার বন্ধু রাব্বী আলামীন ও দেবর আব্দুল কাদের বিশ্বাসের (৫০) বিরুদ্ধে মিরপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন।

পরে মঙ্গলবার পুকুর থেকে বস্তাবন্দি ওই নারীর মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় মমতাজের ছেলে মুন্নাকে আটক করা হয়েছে।

কুষ্টিয়া ডিবি পুলিশের ওসি আমিনুল ইসলাম জানান, মূলত কী কারণে এমন হত্যাকাণ্ড ঘটেছে তা প্রেস ব্রিফিং করে জানানো হবে। পুলিশ ময়নাতদন্তের জন্য মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

ইউএনওর কার্যালয়ে ইউপি সদস্যকে গুলি করে হত্যা

রাঙ্গামাটির বাঘাইছড়ি উপজেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ঢুকে এক ইউপি সদস্যকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহতের নাম সমর বিজয় চাকমা (৪০)।

বুধবার দুপুর পৌনে ১টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এ ঘটনা ঘটে।

নিহত বিজয় চাকমা উপজেলার রূপকার ইউনিয়নের ১নং ওয়ার্ড সদস্য। তার বাড়ি একই এলাকায়

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শরিফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

মোমেনের সঙ্গে যে কথা হলো মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টোনি জে. ব্লিঙ্কেন।

মার্কিন পররাষ্ট্রমন্ত্রণালয়ের মুখপাত্র নেড প্রাইস মঙ্গলবার এক বিবৃতিতে এ কথা জানিয়েছেন।

এতে বলা হয়, দুই পররাষ্ট্রমন্ত্রী দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক, সন্ত্রাসবিরোধী কার্যক্রম এবং প্রতিরক্ষা সহযোগিতা আরও গাঢ় করার উপায় নিয়ে আলোচনা করেছেন।

এ ছাড়া জলবায়ু পরিবর্তনের মতো অভিন্ন চ্যালেঞ্জ একসঙ্গে মোকাবিলার জন্য কাজ করার কথা বলেছেন তারা।

মিয়ানমার পরিস্থিতি, বিশেষ করে রোহিঙ্গা শরণার্থী সঙ্কটের একটি টেকসই সমাধান নিয়ে আলোচনা করেছেন আবদুল মোমেন ও ব্লিঙ্কেন।

একই সঙ্গে শ্রম ও মানবাধিকারের প্রতি সম্মান দেখানোর ওপর গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানানো হয় ওই বিবৃতিতে।

চলতি বছর বাংলাদেশ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করতে যাচ্ছে। এ জন্য বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী মোমেনকে অভিনন্দন জানিয়েছেন ব্লিঙ্কেন।

তারা দক্ষিণ এশিয়া এবং বৃহত্তর ইন্দো-প্যাসিফিক অঞ্চলের চ্যালেঞ্জ মোকাবিলার জন্য ঘনিষ্ঠ সহযোগিতার প্রত্যয়ও ব্যক্ত করেছেন বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

বোনের ঝুলন্ত লাশ উদ্ধার ভাইয়ের ঘর থেকে

গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় এক শিশু শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে।

মঙ্গলবার রাত ১১টার দিকে উপজেলার কলাবাধা এলাকায় বড় ভাইয়ের ঘর থেকে ওই শিশুর ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ।

নিহত শিশুর নাম ফাতেমা আক্তার (১২)। সে কালিয়াকৈর উপজেলার

কলাবাধা এলাকার আব্দুল করিমের মেয়ে। ফাতেমা স্থানীয় হলি মডেল স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী।

এলাকাবাসী জানান, আব্দুল করিম কলাবাধা এলাকায় তার পরিবার নিয়ে বসবাস করে আসছেন। করিম ও তার স্ত্রী লিপি আক্তার স্থানীয় কারখানায় চাকরি করেন। তারা কারখানা থেকে বাসায় ফিরে দেখেন তার ছেলের ঘরের দরজা-জানালা বন্ধ। অনেক ডাকাডাকি করলেও ভেতর থেকে কোনো সাড়াশব্দ পাওয়া যায়নি।

এতে সন্দেহ হলে তারা ঘরের দরজার সিটকানি ভেঙে ভেতরে ঢুকে ফ্যানের সঙ্গে গলায় ওড়না পেঁচানো অবস্থায় তার মেয়ে ফাতেমার ঝুলন্ত মরদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেন।

পুলিশ ঘটনাস্থলে গিয়ে নিহত শিশুর মরদেহ উদ্ধার করেছে। শিশু ফাতেমা তার বড় ভাইয়ের ঘরে গিয়ে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। তবে কি কারণে সে আত্মহত্যা করেছে কেউ বলতে পারছে না।

কালিয়াকৈর থানাধীন মৌচাক ফাঁড়ির ইনচার্জ মনিরুজ্জামান জানান, ওই শিশুর মৃত্যুর কারণ জানা যায়নি। তবে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।